

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮৬

৬. সদাচারণ ও न্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ শেষ যামানায় আল্লাহ ও তদীয় রাসূলের আনুগত্য অনুসারে আমলকারী ব্যক্তিকে মহান আল্লাহ তার মত ৫০ জন আমলকারীর সাওয়াব দান করবেন

ذِكْنُ إِعْطَاءِ اللَّهِ جَلَّ وَعَلَا الْعَامِلَ بِطَاعَةِ اللَّهِ وَرَسُولِهِ فِي آخِرِ الزَّمَانِ أَجْرَ خَمْسِينَ رَجُلًا يَعْمَلُونَ مِثْلَ عَمَلِهِ

আরবী

أَخْبَرَنَا أَبُو يَعْلَى قَالَ: حَدَّثَنَا أَبُو الرَّبِعِ الزَّهْرَانِيُّ حَدَّثَنَا أَبُو الْمُبَارِكِ عَنْ عُتْبَةَ بْنِ أَبِي حَكِيمٍ قَالَ: حَدَّثَنِي عَمْرُو بْنُ جَارِيَةَ اللَّخْمِيُّ حَدَّثَنَا أَبُو أُمَيَّةَ الشَّعْبَانِيُّ قَالَ: أَتَيْتُ أَبَا تَعْلَبَةَ كَيْفَ تَقُولُ فِي هَذِهِ الْآيَةِ: {لَا يَضُرُّكُمْ مَنْ ضَلَّ إِذَا اهْتَدَيْتُمْ} [المائدة: 105] قالَ: أَمَا وَاللَّهِ لَقَدْ سَأَلْتَ عَنْهَا خَبِيرًا سَأَلْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (بَلِ التَّمِرُوا بِالْمَعْرُوفِ وَتَنَاهَوْا عَنِ الْمُنْكَرِ حَتَّى إِذَا رَأَيْتَ شُحَّا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (بَلِ التَّمِرُوا بِالْمَعْرُوفِ وَتَنَاهَوْا عَنِ الْمُنْكَرِ حَتَّى إِذَا رَأَيْتَ شُحَّا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ: (بَلِ التَّمِرُوا بِالْمَعْرُوفِ وَتَنَاهَوْا عَنِ الْمُنْكَرِ حَتَّى إِذَا رَأَيْتَ شُحَّا مُطَاعًا وَهُوَى مُثَبَعًا وَدُنْيَا مُؤْثَرَةً وَإِعْجَابَ كُلِّ ذِي رَأْيِهِ فَعَلَيْكَ نَفْسَكَ وَدَعْ أَمْرَ الْعَوَامِ فَإِنَّ مِنْ وَرَائِكُمْ أَيَّامًا الصَّبْرُ فِيهِنَّ مِثْلُ قَبْضِ عَلَى الْجَمْرِ لِلْعَامِلِ فِيهِنَّ مِثْلُ أَجْرِ خَمْسِينَ رَجُلًا يَعْمَلُونَ مِثْلَ عَمَلِهِ) قَالَ: وَزَادَنِي غَيْرُهُ يَا رَسُولَ اللَّهِ أَجر خَمسين منهم؟ قال: (خمسين منكم.)

قَالَ أَبُو حَاتِمٍ رَضِيَ اللَّهُ عَنْهُ: يُشْبِهُ أَنْ يَكُونَ ابْنُ الْمُبَارَكِ هُوَ الَّذِي قَالَ: وزادني غيره. الراوي: أَبُو هُرَيْرَةَ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 386 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৮৬. আবু উমাইয়্যাহ আশ শা'বানী রহিমাহুল্লাহ বলেন, আমি আবু সা'লাবা আল খুশানী রাদ্বিয়াল্লাহু আনহুর কাছে এসে বললাম: "হে আবু সা'লাবা রাদ্বিয়াল্লাহু আনহু, আপনি নিচের আয়াত সম্পর্কে কী বলবেন?" মহান আল্লাহ



বলেছেন: "যখন তোমরা সুপথপ্রাপ্ত হবে, তখন যারা বিপথগামী হয়েছে, তারা তোমাদের কোন ক্ষতি করতে পারবে না।" (সূরা আল মায়িদা: ১০৫) জবাবে তিনি বলেন: "জেনে রাখুন, আমি এই সম্পর্কে সবিশেষ অবহিত ব্যক্তিকে জিজ্ঞেস করেছিলাম; আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করেছিলাম, তিনি বলেছেন: "তোমরা সৎকাজের আদেশ করবে, মন্দ কাজে নিষেধ করতে থাকবে এমনকি যখন দেখবে যে, কৃপণতা মেনে চলা হচ্ছে, প্রবৃত্তির অনুসরণ করা হচ্ছে, দুনিয়াকে প্রাধান্য দেওয়া হচ্ছে এবং প্রত্যেক মতামত ব্যক্তকারী নিজের মতে গর্বিত হচ্ছে, তোমার জন্য আবশ্যক হলো সাধারণ মানুষদের ছেড়ে দিয়ে নিজের ব্যাপারে মনযোগী হওয়া। কেননা তোমাদের পরে এমন কিছু সময় আসবে, যাতে ধৈর্যধারণ করা হাতে আগুনের অঙ্গার রাখার মত (কন্তকর) হবে। এসময় আমলকারী ব্যক্তি তার মত ৫০ জন আমলকারীর সাওয়াব পাবে।" অন্য রাবী হাদীসটি বর্ণনার ক্ষেত্রে আমাকে আরেকটু বেশি বর্ণনা করেছেন। বলা হলো: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, তাদের মাঝের ৫০ জন ব্যক্তির সমান?" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: "তোমাদের ৫০ জনের আমলের সমান!"[1]

আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: "সম্ভবত "অন্য রাবী হাদীসটি বর্ণনার ক্ষেত্রে আমাকে আরেকটু বেশি বর্ণনা করেছেন" এটি আব্দুল্লাহ বিন মুবারক বলেছেন।"

ফুটনোট

[1] আবু দাউদ: ৪৩৪১; সুনানু বাইহাকী: ১০/৯২; আবু নু'আইম, হিলইয়াতুল আওলিয়া: ২/৩০; তিরমিযী: ৩০৫৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১৫৬; ইবনু মাজাহ: ৪০১৪।

হাদীসটির সানাদের ব্যাপারে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ স্পষ্ট কোন মন্তব্য করেননি। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে য'ঈফ বলেছেন। (আস সহীহাহ: ৪৯৪, ৯৫৭।)

** হাদিসটির কিছু অংশ সহিহ

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু হুমাইয়াহ আশ-শা'বানী (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন